

## ফিরে আসা ভালবাসা

আজাদ আলম

দাঁড়িয়েছিলাম আমি গৃহহীন জানালার পাশে  
দৃষ্টিছিল মধ্য যামিনীর মেঘমুক্ত আকাশে  
চিত্রা, বিশাখা, স্বাতী আর অনুরাধা বেঁধেছে যেখানে ঘর  
মনের গহীনে ছিল বিক্ষুব্ধ ধূলিমাখা ক্লান্ত-ক্লিষ্ট ঝড়  
চিন্তময় ছিল সন্দেহভরা শব্দের আনাগোনা  
দেহময় জড়ানো ছিল শুধু তার দেয়া উত্তরীয়খানা  
অধর দুটো কাঁপছিল অজানা আশংকায়  
ফিরে আসবার পথগুলো যদি সে ভুলে যায়।

দমকা হাওয়ায় উড়েই যাচ্ছিল চাদর সোহাগ আদরে বোনা  
কোথা থেকে ভেসে আসা তোমার দিগন্ত প্রসারিত হস্তখানা  
খপ করে ধরে ফেললো পলায়নমুখো সেই উড়ন্ত চাদর  
পূর্ণিমার আলোয় প্রাণ ফিরে পেলো অথৈ জলের ভাদর  
চার বাহুর পুনর্মিলনে সৃষ্টি হলো প্রেমের শক্ত প্রাচীর  
চাদর চাঁদোয়ায় হাট বসলো আলো ভরা জোনাকির।

সারা বাতায়ন ঘিরে আজ ছাদ দেয়ালের ঘর  
ফিরে আসা ভালবাসার মধুময় সরোবর।